



গাজীপুর জেলা লিগ্যাল এইড কমিটি সেমিনার অনুষ্ঠিত

আদালত প্রতিবেদক

গাজীপুর জেলা লিগ্যাল এইড কমিটি আয়োজিত 'সরকারী আইনি সেবার সাফল্য এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির কেন্দ্রস্থল' শীর্ষক এক সেমিনার জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে গত শনিবার সকালে অনুষ্ঠিত হয়েছে।

গাজীপুর জেলা লিগ্যাল এইড কমিটি সভাপতি ও জেলা ও দায়রা জজ এ কে এম এনামুল হক সভাপতিত্ব সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার পরিচালক মালিক আবদুল্লাহ আল-আমিন।

সেমিনারে উপস্থিত ছিলেন, গাজীপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক সৈয়দ জাহেদ মনসুর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আশ্শামছ জগলুল হোসেন, সিভিল সার্জন ডা. আলী হায়দার খান, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান, জিপি এডভোকেট আমজাদ হোসেন বাবুল, পিপি এডভোকেট হারিছ উদ্দিন আহম্মদ, গাজীপুর শহর আওয়ামী লীগের সভাপতি এডভোকেট ওয়াজউদ্দিন মিয়া, গাজীপুর বারের সভাপতি এডভোকেট দেওয়ান মোহাম্মদ ইব্রাহিম ও সাধারণ সম্পাদক এডভোকেট মোঃ মনির হোসেন, গাজীপুর জেলা কারাগারের জেল সুপার সুভাষ কুমার ঘোষ, শ্রীপুর উপজেলা চেয়ারম্যান আব্দুল জলিল, প্যানেল এডভোকেট ওয়াহিদুজ্জামান আকন্দ প্রমুখ।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন গাজীপুর জেলা লিগ্যাল এইড অফিসার (ভারপ্রাপ্ত) সিনিয়র সহকারী জজ মোঃ জাহাঙ্গীর হোসেন। সেমিনারে আইনজীবী, সাংবাদিক, পুলিশ, জেলা, স্থানীয় সরকার প্রতিনিধি, এনজিও প্রতিনিধিগণ অংশ নেন।